অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/23/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু, এবং সবুজ কর্মসংস্থান পরিবেশ বন্ড আইন অগ্রসর করার জন্য আরো পাঁচটি শ্রবণ সেশনের ঘোষণা করলেন

30 মে বাফেলোতে 10টি সশরীরে এবং ভার্চ্যুয়াল শ্রবণ সেশনের প্রথমটি অনুষ্ঠিত হবে

প্রজন্মে একবার আসে এমন অর্থায়নের সুযোগটি স্টেটজুড়ে সম্প্রদায়সমূহকে উন্নত করবে ও সুরক্ষা দান করবে

লাভের মধ্যে রয়েছে পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার অগ্রসর করা, জলবায়ু পরিবর্তন প্রশমন, কর্মসংস্থান সৃষ্টি, এবং জনস্বাস্থ্য রক্ষা করা

গভর্নর ক্যাথি হোকল আজকে 4.2 বিলিয়ন মার্কিন ডলারের পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু, এবং সবুজ কর্মসংস্থান পরিবেশ বন্ড আইন (Clean Water, Clean Air and Green Jobs Environmental Bond Act) অগ্রসর করার জন্য স্টেটব্যাপী শিক্ষামূলক শ্রবণ সফরের পরবর্তী পাঁচটি অবস্থানের বিস্তারিত ঘোষণা করলেন। গত ফল মৌসুমে ভোটারগণের ব্যাপক সংখ্যাগরিষ্ঠতায় অনুমোদিত বন্ড আইনটি পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার, জলবায়ু পরিবর্তন প্রশমন, উপকূলরেখার পুনর্বাসন, বন্যা স্থিতিস্থাপকতা, পানির মান, খোলা স্থানের সংরক্ষণ, বিনোদনমূলক সংস্থান, এবং সবুজ কর্মসংস্থানে বিনিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করে। সফরটি জনগণ এবং সম্ভাব্য অর্থায়নের জন্য আবেদনকারীদের বন্ড আইনের ব্যাপারে এবং সম্ভাব্য প্রকল্প সনাক্ত করার জন্য তৈরি করা খসড়া যোগ্যতার নির্দেশনা সম্পর্কে আরো জানার একটি সুযোগ প্রদান করে।

"পরিবেশ বন্ড আইনটি সত্যিই আমাদের সম্প্রদায়সমূহকে বদলে দিবে এবং এই গ্রীষ্মকালে পুরো স্টেটজুড়ে অনুষ্ঠিত হতে যাওয়া এই শ্রবণ সেশনগুলির আগামী সপ্তাহের সূচনা দেখার জন্য আমি উন্মুখ," **গভর্নর হোকল বলেন।** "কর্মসংস্থান সৃষ্টি করবে, পরিবেশের সুরক্ষা করবে, জীবনযাত্রার মান উন্নত করবে, এবং আমাদের সম্প্রদায়ের জন্য দীর্ঘস্থায়ী সুবিধা নিয়ে আসবে এমন অগ্রগামী প্রকল্প নিয়ে আলোচনার একটি সুযোগ প্রদানের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে এবং আমাদের অর্থনীতির বিকাশে নিউ ইয়র্ককে সাহায্য করতে এই শ্রবণ সফরটি অত্যন্ত কার্যকর হবে।"

গভর্নর বিশ্ব সপ্তাহের (Earth Week) সময় প্রথম শ্রবণ সেশনটির ঘোষণা করেছিলেন এবং এটি বাফেলো ইউনিভার্সিটির সেন্টার ফর টুমোরোতে 30 মে, দুপুর 1টা থেকে 3টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

শ্রবণ সফরের পরবর্তী রাউন্ডে রয়েছে:

- **সেন্ট্রাল নিউ ইয়র্ক:** 8 জুন, দুপুর 1টা থেকে 3টা পর্যন্ত, নিউ ইরাক স্টেট ইউনিভার্সিটি কর্টল্যান্ড, কোরি ইউনিয়ন ফাংশন রুম
- **নর্থ কান্ট্রি:** 14 জুলাই, দুপুর 1টা থেকে 3টা পর্যন্ত, নর্থ কান্ট্রি কমিউনিটি কলেজ, স্পার্কস অ্যাথলেটিক কমপ্লেক্স অ্যালামনাই জিমনেশিয়াম
- **ক্যাপিটাল রিজিয়ন:** 20 জুলাই, দুপুর 1টা থেকে 3টা পর্যন্ত, অ্যালবানি ইউনিভার্সিটি, ক্যাম্পাস সেন্টার অডিটোরিয়াম
- **লোয়ার হাডসন:** 15 আগস্ট, দুপুর 1টা থেকে 3টা পর্যন্ত, ওয়েস্টচেস্টার কাউন্টি সেন্টার, লিটল থিয়েটার
- **লং আইল্যান্ড:** 24 আগস্ট, দুপুর 1টা থেকে 3টা পর্যন্ত, সাফোক কাউন্টি কমিউনিটি কলেজ, সাফোক ক্রেডিট ইউনিয়ন এরিনা

ব্রঙ্কস ও ব্রুকলিনের দুইটি নিউ ইয়র্ক সিটি অবস্থানের ব্যাপারে, এবং সেইসাথে দুটি ভার্চুয়াল মিটিংয়ের ব্যাপারে অতিরিক্ত বিস্তারিত চূড়ান্ত করা হচ্ছে। মিটিংগুলি শীঘ্রই ঘোষিত হবে।

এই সেশনগুলির যেকোনো একটির জন্য নিবন্ধন করতে www.ny.gov/bondact ভিজিট করুন।

ল্যান্ডমার্ক পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান পরিবেশ সংক্রান্ত বন্ড আইনটি স্টেটের ইতিহাসের সর্ববৃহৎ এবং 1996 সালের পর থেকে নিউ ইয়র্কের প্রথম পরিবেশ সংক্রান্ত বন্ড। বন্ড আইনটি এমন পরিবেশ সংক্রান্ত এবং সম্প্রদায়ের প্রকল্পসমূহের জন্য 4.2 বিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করবে যা কর্মসংস্থানকেও সমর্থন করবে এবং 1,000 এর স্বল্প সংস্থানের সরকারি স্কুলের জন্য পরিষ্কার সবুজ স্কুল (Clean Green Schools) উদ্যোগে উল্লেখযোগ্য বিনিয়োগ করবে। নেতিবাচক পরিবেশ সংক্রান্ত ও জলবায়ু পরিবর্তনের প্রভাব দ্বারা দুঃস্থ জনগোষ্ঠী অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত হয় তা উপলব্ধি করে, বন্ড আইনের 40 শতাংশের লক্ষ্য নিয়ে কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে প্রদান করা হবে।

বিশেষ করে, পরিবেশ সংক্রান্ত বন্ড আইনটি অনুমোদিত করে:

- জলবায়ু পরিবর্তন প্রশমনের জন্য 1.5 বিলিয়ন মার্কিন ডলার
- পুনঃস্থাপন ও বন্যার ঝুঁকি হ্রাসের জন্য 1.1 বিলিয়ন মার্কিন ডলার
- পানির মান উন্নয়ন ও স্থিতিস্থাপকতা অবকাঠামোর জন্য 650 মিলিয়ন মার্কিন ডলার; এবং
- খোলা স্থানের ভূমি সংরক্ষণ ও বিনোদনের জন্য 650 মিলিয়ন মার্কিন ডলার
- চারটি বিভাগের যেকোনোটিতে অতিরিক্ত প্রকল্পের জন্য 300 মিলিয়ন মার্কিন ডলার

স্টেটের এজেন্সি, স্থানীয় সরকার এবং অংশীদারগণ একটি বহু-বছরের প্রক্রিয়ার দ্বারা পরিবেশ সংক্রান্ত বন্ড আইনের তহবিল লাভ করতে পারবে। গত মাসে বিশ্ব সপ্তাহের সময়, গভর্নর হোকল বন্ড আইনের প্রথম তহবিলের উপলভ্যতার কথা ঘোষণা করেন, যা স্টেটের বিদ্যমান তহবিলের উৎসের সাতে মিলিত হয়ে স্টেটের পানি অনুদান তহবিলে মোট 425 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করবে। 28 জুলাইয়ের মধ্যে আবেদন জমা করতে হবে এবং আরো তথ্য efc.ny.gov/wiia এ পাওয়া যাবে।

বর্তমানে একটি আন্তঃএজেন্সি কর্মগোষ্ঠী স্টেটজুড়ে পরিবেশ সংক্রান্ত অর্থায়নের চাহিদা সনাক্ত করছে এবং বন্ড আইন বাস্তবায়নের জন্য কর্মসূচির লজিস্টিক তৈরি করছে। বন্ড আইন কী ধরনের প্রকল্পকে সমর্থন করতে পারবে তা জানার জন্য এবং অর্থায়ন অগ্রসর করার জন্য যোগ্যতার নির্ণায়ক সম্পর্কে আলোচনা শুরু করার জন্য শিক্ষামূলক শ্রবণ সফরটি এইসব স্টেকহোল্ডারদের এবং অন্যান্য আগ্রহী নিউ ইয়র্কবাসীদেরকে জড়িত করবে।

শিক্ষামূলক শ্রবণ সফরটি হলো বন্ড আইনের তহবিল কীভাবে প্রদান করা হবে তার একটি সহযোগিতামূলক ও স্বচ্ছ প্রক্রিয়ার প্রতি স্টেটের প্রতিশ্রুতির একটি অংশ। সেশনগুলিতে থাকবে বন্ড আইনের উপর একটি প্রেজেন্টেশন এবং স্টেটের অভিজ্ঞদের সাথে এক-এক আলোচনার একটি সুযোগ। বৈঠকগুলি জনসাধারণের জন্য উন্মুক্ত হবে।

স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) কমিশনার এবং জলবায়ু পদক্ষেপ পরিষদের (Climate Action Council) সহপ্রধান ব্যাসিল সেগোস বলেন, "স্টেট এবং স্থানীয় সরকারসমূহ, সম্প্রদায়ের সংগঠনসমূহ, এবং অন্য বহু স্টেকহোল্ডার, যারা আমাদের প্রাকৃতিক সংস্থান সুরক্ষিত রাখার জন্য এবং দূষণ ও আমাদের পরিবর্তনশীল জলবায়ু দ্বারা সর্বোচ্চ চাপে থাকা ব্যক্তিদের জীবনে একটি পার্থক্য তৈরির জন্য প্রকল্প অগ্রসর করছে, তাদের জন্য পরিবেশ বন্ড আইনের 4.2 বিলিয়ন মার্কিন ডলার একটি দুর্দান্ত সংস্থান হয়ে উঠবে। নিউ ইয়র্কবাসীদের কাছ থেকে শোনার জন্য এবং স্টেটের পরিবেশ, সম্প্রদায়, ও অর্থনীতির কল্যাণে বন্ড আইনের ব্যাপক ব্যাপ্তির দীর্ঘমেয়াদি সুবিধা নিয়ে আলোচনা করার জন্য এইসব সেশনে আমাদের এজেন্সি অংশীদারদের সাথে যোগ দেওয়ার জন্য DEC উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা এবং জলবায়ু পদক্ষেপ পরিষদের সহপ্রধান ডোরিন এম. হ্যারিস বলেন, "বন্ড আইনের শ্রবণ সফরটি হলো জলবায়ু পরিবর্তন এবং এই অতি গুরুত্বপূর্ণ তহবিল দ্বারা কী পরিচ্ছন্ন শক্তি অগ্রাধিকারের প্রতি তারা সমর্থন চায় সে ব্যাপারে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সহ নিউ ইয়র্কবাসীদের কাছ থেকে সরাসরি শোনার জন্য আমাদের একটি সুযোগ। বর্তমানের ও ভবিষ্যতের বাসিন্দাদের সুবিধার্থে এই তহবিলের সেরা বাস্তবায়নের ব্যাপারে তথ্য সংগ্রহ এবং সমাধানভিত্তিক মাথা খাটানোর এই স্টেটব্যাপী সুযোগটির জন্য আমি উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেটের পার্ক কমিশনার এরিক কুলেসিড বলেন, "বন্ড আইনের শ্রবণ সফরটি হলো স্থানীয় সরকারসমূহ, সম্প্রদায়ের অংশীদারগণ এবং পুরো স্টেটের ব্যক্তিদের সাথে সংযুক্ত হয়ে তাদের সম্প্রদায়ের জন্য কী ধরনের পরিবেশ প্রকল্প সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ হবে সে সম্পর্কে ধারণা ও অন্তর্দৃষ্টি সম্পর্কে শোনার জন্য দারুণ একটি সুযোগ। এইসব আলোচনা এবং একটি পরিচ্ছন্ন পরিবেশ বজায় রাখতে, পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার অগ্রসর করতে, জলবায়ু পরিবর্তনের সমাধান করতে, এবং স্বাস্থ্যকর আউটডোর বিনোদনের সুযোগ সম্প্রসারণ করতে এই পরিবেশ বন্ড আইনটি অগ্রসর করা অব্যাহত রাখতে আমি উন্মুখ।"

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের (Environmental Facilities Corporation, EFC) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ. কোলম্যান বলেন, "অতি গুরুত্বপূর্ণ পানি অবকাঠামো প্রকল্পের জন্য যেই উল্লেখযোগ্য তহবিল প্রদান করা হচ্ছে সেই ব্যাপারে স্টেকহোল্ডারদের সাথে জড়িত হওয়ার জন্য EFC আনন্দিত। এইসব মার্কিন ডলার যাতে সর্বাধিক প্রয়োজন আছে এমন সম্প্রদায়কে প্রদান করা হয় তা নিশ্চিত করে পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচারের ব্যাপারে গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে আমরা অগ্রসর করবো।"

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "পরিবেশ বন্ডে আমরা ভোটারগণের কাছ থেকে যেই ব্যাপক সমর্থন পেয়েছি তা নিজেদের পরিবেশ রক্ষার্থে নিউ ইয়র্কবাসীদের প্রতিশ্রুতির একটি সত্যিকারের প্রমাণ। 4.2 বিলিয়ন মার্কিন ডলারের এই তহবিলটি এমন প্রকল্পসমূহকে প্রদান করা হবে যা জলবায়ু পরিবর্তনের প্রভাবের সাথে লড়াই করবে, দূষণ হ্রাস করবে, আমাদের সম্প্রদায়ের বায়ু ও পানির মান উন্নত করবে, এবং আগামী অনেক প্রজন্মের জন্য আমাদের প্রাকৃতিক সংস্থানকে রক্ষা করবে। শ্রবণ সফরটি আমাদের সম্প্রদায়ের সদস্যদেরকে সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় অংশ নিতে দিবে এবং একইসাথে এই বিধিমালাটি যেই দুর্দান্ত সব সুবিধা প্রদান করবে সেই সম্পর্কে জানাবে।"

বন্ড আইন সম্পর্কে আরো তথ্য www.ny.gov/bondactএ উপলভ্য আছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন